



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

ইসলাম হচ্ছে আল্লাহর নিয়ামাত

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউয়ু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমাদেরকে আল্লাহর কৃতজ্ঞতায় অটল হতে হবে। আল্লাহ (জাল্লা জালালুহু) উনার বারাকাত বৃদ্ধি তাদের উপর যারা কৃতজ্ঞ। সবচেয়ে বড় বারাকাত হচ্ছে ইসলামের বারাকাত এবং সঠিক পথে থাকার বারাকাত। এই পথসমূহে প্রবেশ করা এবং এই পথসমূহে থাকা বিশাল বারাকাত। এটি আমাদের জন্য আল্লাহর নিয়ামাত এবং আল্লাহর রাহমাত।

অন্যদের দিকে তাকিয়ে এটিকে একটি গর্বের বিষয়ে তৈরী করা বা অহংকারী হওয়া ভালো নয়। এরকম ভাবা উচিত নয় যে আমাদের নিজেদের কারণে আমরা এই ভালো পথে আছি আর তারা খারাপ পথে আছে। এটি আল্লাহর পূর্বনির্ধারিত ভাগ্য, আল্লাহ্ এরকম ইচ্ছা করেছেন। তিনি তোমাকে এই নিয়ামাত দান করেছেন। তোমার উনার প্রতি কৃতজ্ঞ হতে হবে।

তোমাদের সবসময় এই বারাকাতের মূল্য জানতে এবং ভেবো না যে তা তোমাদের নিজেদের থেকে এসেছে। কারণ, আল্লাহ্ না করুণ, মানুষ যেকোন সময় পথভ্রষ্ট হতে পারে। আল্লাহ্ চাইলে কোন ব্যক্তিকে এমন কঠিন পরীক্ষা করতে পারেন যে সে পরীক্ষা সহ্য করতে না পেরে সোজা পথের বাইরে চলে যেতে পারে এবং যাদের সে খারাপ বলত তাদের মত হয়ে যেতে পারে। সুতরাং, তোমাদের এই নিয়ামাতের মূল্য জানা উচিত এবং আল্লাহর কাছে কৃতজ্ঞ হওয়া উচিত যেন তা সবসময় বৃদ্ধি পায়। তোমাদের বলা উচিত, "আমাদের ঈমান যেন বৃদ্ধি পায়। আল্লাহ্কে ধন্যবাদ আমাদের এই পথে রাখার জন্য"।

নাহলে, তুমি যদি কৃতজ্ঞ না হও এবং মনে কর এই পথের যোগ্যতা তোমার নিজের থেকে আগত তাহলে বিপদ খুব বেশি। যদি তুমি আল্লাহর কাছে দু'আ কর এই বলে, "আমাদের এই পথ থেকে বিচ্যুত করবেন না!" আল্লাহ্ নিশ্চয়ই তোমাদের সাহায্য করবেন এবং তোমাদের দু'আর উত্তর দিবেন। আল্লাহ্ই সেই স্বত্ত্বা যিদি দু'আর উত্তর দান করেন। এটা কখনো ভুলো না। শয়তান লোকদের পথ থেকে বিচ্যুত করতে চায়। এমনকি সে তোমাকে ইবাদাতের মধ্যে অহংকারী করে তোলে। সেই ইবাদাতের কোন মূল্য নেই এবং তখন তুমি বিপদে পতিত হও।

নিশ্চয়ই একজন বিনয়ের মানুষ হও এবং আল্লাহ্কে ভয় কর। নিজেকে অন্যদের থেকে উত্তম ভেবো না। আমাদের প্রয়োজন তাদেরকেও করুণা করা যারা পথচ্যুত হয়ে গেছে। কারণ তারা ভাবে,



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

“আমরা জিতছি”। তারা সঠিক পথের অনুসারীদের দিকে তাকিয়ে হাসে এবং তাদের তাচ্ছিল্য করে। আমাদের করুণা করা উচিত তাদেরকে, যারা বিদ্রুপ করে, কারণ তাদের কোন ধারণাই নেই যে তারা অনিশ্চের পথে আছে। আল্লাহ তাদেরকে ওই পথে ছেড়ে দিয়েছেন এবং তাদেরকে নিয়ামাত দেয়া হয়নি।

আমাদের এই পৃথিবীতে সবচেয়ে খুশি হতে হবে সঠিক পথে থাকার জন্য। কারণ এই পৃথিবী হচ্ছে বাণিজ্যের পৃথিবী। মানুষ যত আখিরাতে জন্ম এই পৃথিবীকে বিক্রি করবে তত আখিরাতে তার অবস্থান উচ্চ হবে, তারা তত বেশি শান্তিময় হবে সেখানে এবং দুনিয়াতেও তারা শান্তি পাবে। ভেবো না তুমি গুনাহ দিয়ে শান্তি পেতে পারো। গুনাহ এবং অন্ধকারের মাধ্যমে শান্তি পাওয়া যায় না। শুধুমাত্র আল্লাহর পথে শান্তি পাওয়া যায়। আল্লাহ যেন আমাদের সবাইকে এই পথে দৃঢ় করেন। আল্লাহ যেন আমাদের বিপথগামী না করেন।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৪ জানুয়ারী ২০১৭/১৬ রাবিউল আখির ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।